



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কারমাইকেল কলেজ, রংপুর।
www.ccr.gov.bd
carmichaelcollege@gmail.com



নম্বর: ৯০৮/ক্রি/১৩

তারিখ: ০৮ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: **Carmichael College Journal** প্রকাশের জন্য গবেষণা প্রবন্ধ আহ্বান।

সরকারি কারমাইকেল কলেজ, রংপুর প্রথম বারের মত Carmichael College Journal নামে একটি জার্নাল প্রকাশ করা হবে। জার্নালে প্রকাশের জন্য নিম্নবর্ণিত শর্ত মোতাবেক আগামী ১০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর আগ্রহী লেখকগণকে গবেষণা প্রবন্ধ পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০১। **লেখকের যোগ্যতা:**

ক. বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের সকল সদস্য।

খ. বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের বাইরে যে কোন ব্যক্তি যিনি এম.ফিল/পি-এইচ.ডি ডিগ্রীধারী।

গ. স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অথবা গবেষণা প্রতিষ্ঠানের গবেষণারত ব্যক্তি।

০২. প্রবন্ধটি এমন হতে হবে যা ইতঃপূর্বে অন্য কোন জার্নালে প্রকাশিত হয়নি।

০৩. প্রবন্ধটি কোন মৌলিক বিষয়ে ওপর লিখিত হতে হবে।

০৪. প্রবন্ধটি স্বীকৃত গবেষণা পদ্ধতি অনুযায়ী মানবিক, ব্যবসায় শিক্ষা বা বিজ্ঞান বিষয়ে গবেষণাধর্মী বিষয়ে লিখিত হতে হবে।

০৫. প্রবন্ধ বাংলা অথবা ইংরেজি যে কোন একটি ভাষায় লেখা যাবে।

০৬. প্রবন্ধের দৈর্ঘ্য হবে A4 সাইজ কাগজে মার্জিনসহ Double Space-এ সর্বোচ্চ ১২ পৃষ্ঠা যাতে গবেষণার নিয়ম অনুযায়ী অনূর্ধ্ব ৩০০ শব্দের একটি সারসংক্ষেপ (Abstract) থাকবে।

০৭. প্রবন্ধের ফন্ট বাংলার ক্ষেত্রে SutonnyMJ আর ইংরেজির ক্ষেত্রে Times New Roman হবে। ফন্টের আকার হবে বাংলা ১৪ ও ইংরেজি -১২। প্রবন্ধের Reference/ Bibliography হতে হবে APA Style-এ। প্রবন্ধের ০২ (দুই) সেট হার্ড কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবর এবং সফট কপি carmichaelcollege@gmail.com ঠিকানায় ই-মেইল করে পাঠাতে হবে।

০৮. প্রবন্ধ মনোনীত হলে সংশোধনসমূহ সংশোধন করার জন্য লেখকের নিকট পাঠানো হবে। সংশোধিত কপি carmichaelcollege@gmail.com ঠিকানায় ই-মেইল করে পাঠাতে হবে। যাঁদের লেখা প্রকাশ করা হবে তাঁদেরকে সৌজন্য কপি পাঠানো হবে। অমনোনীত প্রবন্ধের লেখকগণের সাথে কোন যোগাযোগ করা হবে না।

০৯. লেখকের সংক্ষিপ্ত পরিচিতি, ই-মেইল এবং সেল নম্বর এতদসঙ্গে সংযুক্ত করতে হবে।

১০. যোগাযোগ : জার্নাল সংক্রান্ত যে কোন বিষয়ে প্রফেসর ড. শেখ আনোয়ার হোসেন, অধ্যক্ষ, কারমাইকেল কলেজ, রংপুর মোবাইল নম্বর: ০১৭৬৭৩১৩৯১০, ই-মেইল sheikhanwarhossain@gmail.com ঠিকানায় যোগাযোগ করতে হবে।

প্রতিস্বাক্ষর

(Prof. Dr. Sheikh Anwar Hossain-902)

Principal

এবং

প্রধান উপদেষ্টা

কারমাইকেল কলেজ জার্নাল
(প্রফেসর ড. শেখ আনোয়ার হোসেন-৯০২)

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর

(Dr. Md. Jahangir Alam)

Ph.D (Japan) Post doct. (China)

Associate Professor,

Department of Chemistry


এবং

সম্পাদক

কারমাইকেল কলেজ জার্নাল

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ৩। উপাচার্য, সকল পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়;
- ৪। রেজিস্ট্রার, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা;
- ৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৬। মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা।
- ৭। মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই), সেগুনবাগিচা, ঢাকা
- ৮। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), মতিঝিল, ঢাকা
- ৯। পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আই.ই.আর) ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ১০। অধ্যক্ষ,
- ১১। উপাধ্যক্ষ, কারমাইকেল কলেজ, রংপুর
- ১২। সকল সম্মানিত শিক্ষকবৃন্দ, কারমাইকেল কলেজ, রংপুর
- ১৩। সংরক্ষণ নথি।


(Dr. Md. Jahangir Alam)
Ph.D (Japan) Post doct. (China)
Associate Professor,
Department of Chemistry
এবং
সম্পাদক
কারমাইকেল কলেজ জার্নাল